

# COVID-19 ভ্যাকসিন সম্পর্কিত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী: Johnson & Johnson (জনসন অ্যান্ড জনসন)

COVID-19 মহামারীর সময়কালে আমাদের দৈনন্দিন জীবনে অনেক পরিবর্তন ঘটে যাওয়ায় আমাদের অনেকের উপরই অনেক মানসিক চাপ গেছে। ভালো খবর এটাই যে এখন ভ্যাকসিন (শট) আছে, যা আপনাকে ও অন্যদেরকে

COVID-19 হওয়া থেকে সুরক্ষিত থাকতে সাহায্য করবে। এই নতুন ভ্যাকসিন সম্পর্কে আপনার প্রশ্ন থাকা স্বাভাবিক এবং আমরা সেই উত্তর দিতে সাহায্যের জন্য রয়েছি। ভ্যাকসিন সম্পর্কে আরো জানতে এই প্রচারপত্রটি

## কীভাবে COVID-19 ভ্যাকসিন আপনাকে সুরক্ষিত রাখবে:

কেন ভ্যাকসিন নেয়া জরুরি সেই বিষয়ে বিশেষজ্ঞরা প্রতিদিন নতুন তথ্য জানছেন। আমরা এখনও পর্যন্ত যা জানি:

- এটি আপনাকে COVID-19 হওয়া থেকে সুরক্ষা পেতে সাহায্য করবে। বিশেষজ্ঞরা বিশ্বাস করেন যে, এই ভ্যাকসিন আপনাকে অসুস্থ হওয়া থেকে সুরক্ষা দিতে পারে এমনকি আপনার COVID-19 হলেও। ভ্যাকসিন নেয়ার মাধ্যমে, আপনি আপনার চারপাশের মানুষজনকেও সুরক্ষিত রাখতে পারেন।
- এটি আপনাকে আরো নিরাপদ সুরক্ষা প্রদান করে। COVID-19 হলে কিছু প্রাকৃতিকভাবে অনাক্রম্যতা হতে পারে, কিন্তু বিশেষজ্ঞরা জানেন না এই অনাক্রম্যতা কতদিন থাকবে। ভ্যাকসিন আপনার শরীরকে অ্যান্টিবডি তৈরি করতে সাহায্য করবে, এটি ভাইরাসের সঙ্গে লড়াই করবে ও আপনাকে অসুস্থ হওয়া থেকে সুরক্ষিত রাখবে।
- মহামারীটি বন্ধ করতে সাহায্য করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে। আপনার COVID-19 হলে, ভ্যাকসিনটি আপনার শরীরকে এই রোগের সঙ্গে লড়াই করতে সাহায্য করবে। ভ্যাকসিন নেয়া, শারীরিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরা ও ঘনঘন আপনার হাত ধোয়া হলো এই মহামারী শেষ করতে সাহায্য করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলোর একটি।



## ভ্যাকসিনটি কীভাবে কাজ করে?

শরীরকে রোগের বিরুদ্ধে লড়াই করতে শেখানোর জন্য একটি ভিন্ন ভাইরাস (ভেক্টর) ব্যবহার করার মাধ্যমে COVID-19 ভাইরাল ভেক্টর ভ্যাকসিনসমূহ কাজ করে। এর ফলে আপনি COVID-19 বা ভেক্টর হিসেবে ব্যবহৃত ভাইরাসটির দ্বারা আক্রান্ত হবেন না।

- ভ্যাকসিনটি আমাদের কোষগুলোকে বলে দেয় কীভাবে "স্পাইক প্রোটিন" নামক SARS-CoV-2 অ্যান্টিজেন তৈরি করতে হয়। অ্যান্টিজেন হলো জীবাণু যেগুলোর বিরুদ্ধে শরীর লড়াই করে, যা শরীরকে ইমিউনিটি (প্রতিরোধ ক্ষমতা) তৈরি করতে সহায়তা করে। যখন আমাদের শরীর দেখে যে এই স্পাইক প্রোটিন আমাদের শরীরের অংশ নয় তখন এটি একটি ইমিউন রেসপন্স তৈরি করতে শুরু করে যাতে আপনার শরীর বুঝতে পারে

## কাদের ভ্যাকসিন পাওয়া উচিত?

COVID-19 ভ্যাকসিন লভ্য হলে 18 বছর বা তার বেশি বয়সী যে কেউ সেটি নিতে পারেন (এবং নেওয়া উচিত)।

- সামূহিক অনাক্রম্যতা বা হার্ড ইমিউনিটিতে পৌঁছাতে যত বেশি সংখ্যক মানুষের সম্ভব ভ্যাকসিন নেয়া গুরুত্বপূর্ণ। হার্ড ইমিউনিটি তখন অর্জন করা হবে যখন কমিউনিটির বৃহত অংশ রোগ থেকে সমামূহিক অনাক্রম্যতা পাবে। এর মানে হল যে রোগটির ছড়ানোর সম্ভাবনা কম ও কমিউনিটিটি সার্বিকভাবে সুরক্ষিত।



## ভ্যাকসিনটি কি নিরাপদ?

নতুন ভ্যাকসিন তৈরি করার সময় নিরাপত্তাই সবথেকে বেশি প্রাধান্য পায়। আমরা এখনও পর্যন্ত যা জানি, গবেষণায় দেখা গেছে যে **COVID-19** এর ভ্যাকসিন নিরাপদ ও কার্যকর।

- রোগীদের ভ্যাকসিন দেয়ার আগে খাদ্য এবং ঔষধ প্রশাসন (Food and Drug Administration, FDA) সমস্ত নিরাপত্তা তথ্য পর্যালোচনা করে। বিশেষজ্ঞরা ভ্যাকসিন নিয়ে গবেষণা চালিয়ে যাবেন, সম্ভাব্য দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে তথ্য জোগাড় করে যাবেন এবং যেকোনো নিরাপত্তা উদ্বেগ তুলে ধরতে পদক্ষেপ নেবেন।



**জরুরি সুরক্ষা তথ্য:** জনসন অ্যান্ড জনসন (Johnson & Johnson) ভ্যাকসিনের পার্শ্ব প্রতিক্রিয়া হিসেবে এক ধরনের খুবই বিরল ও গুরুতর রক্ত জমাট বাঁধা সমস্যার সাথে সম্ভাব্য যোগসূত্র পাওয়া গেছে। ভ্যাকসিন গ্রহণের 3 সপ্তাহ পরে নিচের যেকোনো এক বা একাধিক উপসর্গ দেখা দিলে চিকিৎসা সেবা নিন:

- গুরুতর বা একটানা মাথা ব্যথা (যা সারে না), ব্যাপসা দৃষ্টি, নিঃশ্বাসের স্বল্পতা, বুক ব্যথা, পা ফোলা, পেটে ব্যথা এবং শট গ্রহণের স্থান ছাড়া অন্যান্য স্থানে চামড়ার নিচে কালশিটে বা ছোট ছোট জমাট রক্তের দাগ।

যদি আমি গর্ভবতী হই, গর্ভবতী হওয়ার চেষ্টা করছি বা স্তন্যপান করাচ্ছি তাহলে কি ভ্যাকসিন নিতে পারব?

হ্যাঁ, আপনি ভ্যাকসিন নিতে পারেন। এই মুহুর্তে, আপনার স্তন্যদুগ্ধ, গর্ভবস্থা বা গর্ভধারণ করার ক্ষমতা ক্ষতিগ্রস্ত হতে পারে এমন বিশ্বাস করার কোনো কারণ আমাদের কাছে নেই।

- আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার CHN ডাক্তারের সাথে কথা বলুন।

আমার **COVID-19** হয়ে থাকলেও কি আমি ভ্যাকসিন নিতে পারি?

হ্যাঁ, আপনি ভ্যাকসিন নিতে পারেন।

- কারণ, আপনার আবার COVID-19 হওয়ার সম্ভাবনা থাকতে পারে। তাই আপনার COVID-19 হয়েছে কিনা তা নির্বিশেষে ভ্যাকসিন নেয়া গুরুত্বপূর্ণ।

আমাকে কতগুলো শট নিতে হবে?

সম্পূর্ণ সুরক্ষার জন্য আপনাকে 1টি শট নিতে হবে।

যদি আমি ভ্যাকসিন চাই, তাহলে কখন পাব?

নির্দিষ্ট কিছু গোষ্ঠীর মানুষকে প্রথমে ভ্যাকসিন দেয়া হবে।

- ভ্যাকসিন আরো বেশি লভ্য হলে, আমরা আপনাকে জানাব কখন আপনি তা পাবেন।

ভ্যাকসিনের খরচ কত?

লভ্য হওয়ার পর যিনি ভ্যাকসিন নিতে চাইবেন তার জন্য এটি বিনামূল্যের হবে।

**CHN-এ, আমরা এখানে আপনার প্রশ্নের উত্তর দিতে ও এই ভ্যাকসিন সম্পর্কে আপনার কোনো উদ্বেগ থাকলে তা সমাধান করার জন্য রয়েছি। আজই কোনো CHN ডাক্তার বা নার্সের সঙ্গে কথা বলুন!**

সকলের জন্য স্বাস্থ্যসেবা। 866.246.8259